# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৩৪৪

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ১২৯. জুমু'আর সালাতের জন্য গোসল করা

باب فِي الْغُسْلِ يَوْمَ الْجُمُعَةِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سَلَمَةَ الْمُرَادِيُّ، حَدَّثَنَا ابْنُ وَهْبٍ، عَنْ عَمْرِو بْنِ الْحَارِثِ، أَنَّ سَعِيدَ بْنَ أَبِي هِلاَلٍ، وَبُكَيْرَ بْنَ عَبْدِ اللهِ بْنِ الأَشَجِّ، حَدَّثَاهُ عَنْ أَبِي بَكْرِ بْنِ الْمُنْكَدِرِ، عَنْ عَمْرِو بْنِ سُلَيْمٍ الزُّرَقِيِّ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ، عَنْ أَبِيهِ، أَنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم قَالَ: " الْغُسْلُ يَوْمَ الْجُمُعَةِ عَلَى كُلِّ مُحْتَلِمٍ وَالسِّوَاكُ وَيَمَسُّ مِنَ الطِّيبِ مَا قُدِّرَ لَهُ". إِلَّا أَنَّ بُكَيْرًا لَمْ يَذْكُرْ عَبْدَ الرَّحْمَنِ وَقَالَ فِي الطِّيبِ " وَلَوْ مِنْ طِيبِ الْمَرْأَةِ " .

ـ صحيح : م ، خ نحوه

বাংলা

৩৪৪। ’আবদুর রহমান ইবনু আবূ সাঈদ আল-খুদরী (রাঃ) থেকে তার পিতার সূত্রে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ প্রত্যেক প্রাপ্তবয়স্ক ব্যক্তির উপর জুমুআহর দিন গোসল করা, মিসওয়াক করা এবং সাধ্যানুযায়ী সুগন্ধি ব্যবহার করা কর্তব্য। কিন্তু বুকাইর সানাদে ’আবদুর রহমানের নাম উল্লেখ করেননি এবং বর্ণনাকারী সুগন্ধি সম্পর্কে বলেছেন, যদিও তা মহিলাদের সুগন্ধি হয়।[1]

সহীহ : মুসলিম, অনুরূপ বুখারী।

## English

'Abd al-Rahman b. Abi Sa'id al-Khudri quotes his father as saying:
The Prophet (ﷺ) said: Washing and the use of tooth-stick are necessary for every adult (person) on Friday; and everyone should apply perfume

whatever one has. The narrator Bukair did not mention of 'Abd al-Rahman; and about perfume he said that even it might be of the kind used by women.

## ফুটনোট

[1] বুখারী (অধ্যায়ঃ জুমু'আহ, অনুঃ জুমু'আহর দিনে সুগন্ধি ব্যবহার করা, হাঃ ৮৮০) আবূ সাঈদ সূত্রে, এবং মুসলিম (অধ্যায়ঃ জুমু'আহ, অনুঃ জুমু'আহর দিনে সুগন্ধি ব্যবহার ও মিসওয়াক করা)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57662

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন